# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576


স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.১৯-৪৯৭

তারিখ: ২১ অগ্রহায়ণ, ১৪২৭ / ০৬ ডিসেম্বর, ২০২০

**বিষয়: মহান বিজয় দিবস-২০২০ উদযাপন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত সভায় প্রণীত কর্মসূচি বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্র: ১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.১৪৩.৯৯.০০৫.২০.২০৭; তারিখ: ৩০ নভেম্বর ২০২০
২) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৮.০০.০০০০.০০১.৪২.০০১.২০.৯০; তারিখ: ১৬ নভেম্বর ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহান বিজয় দিবস -২০২০ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় পর্যায়ের ২য় সভায় আলোচনা-পর্যালোচনা ও মতামতের ভিত্তিতে সর্বসম্মতভাবে নিম্নলিখিত জাতীয় কর্মসূচি চূড়ান্ত করা হয়:

| কর্মসূচি |
|---|
| জাতীয় পর্যায়ে অনলাইন/ই-মেইল/ডাকযোগে রচনা প্রতিযোগিতার আয়োজনসহ অনলাইন সুবিধা সম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভার্চুয়ালি (অনলাইন) মুক্তিযুদ্ধ বিষয়ক বিভিন্ন অনুষ্ঠান আয়োজন। |

উল্লেখ্য, অনুষ্ঠান ১৬/১২/২০২০ থেকে ৩১/১২/২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, জাতীয় পর্যায়ে অনলাইন/ই-মেইল,/ডাকযোগে রচনা প্রতিযোগিতার আয়োজনসহ অনলাইন সুবিধা সম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভার্চুয়ালি (অনলাইন) মুক্তিযুদ্ধ বিষয়ক বিভিন্ন অনুষ্ঠান আয়োজনে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসার অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৬ (ছয়) পাতা।

০৬.১২.২০২০

**(মোঃ সিদ্দিকুর রহমান)**
রেজিস্ট্রার
ফোন: ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপক: অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটি,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসা।

স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.১৯-৪৯৭(৮)

তারিখ: ২১ অগ্রহায়ণ, ১৪২৭ / ০৬ ডিসেম্বর, ২০২০

**<u>সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১. জেলা প্রশাসক (সকল);
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৩. জেলা শিক্ষা অফিসার, (সকল), (সার্বিক সহযোগিতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
৪.উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৫.প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ ও বহুল প্রচারের অনুরোধ সহ);
৬.সদস্যবৃন্দ-গভার্নিং বডি/ম্যানেজিং কমিটি/ এডহক কমিটি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল মাদ্রাসা;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার/ পরীক্ষা নিয়ন্ত্রক/ পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপ

৬/১২/২০২০

**(মোঃ ওমর ফারুক)**
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

\\192.168.101.190\Shujon\Aman\20.207 মহান বিজয় দিবস ২০২০.Docx

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিবের দপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

বিষয়ঃ মহান বিজয় দিবস-২০২০ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে ১৯-১০-২০২০ তারিখে অনুষ্ঠিত ২য় পর্যায়ে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আ. ক. ম মোজাম্মেল হক, এমপি<br>মাননীয় মন্ত্রী<br>মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ১৯-১০-২০২০, সকাল ১০-৩০ টা |
| সভার স্থান | : | ভার্চুয়াল সভা |

সভার শুরুতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব, জনাব তপন কান্তি ঘোষ মহান বিজয় দিবস ২০২০ উদযাপন উপলক্ষ্যে ২য় পর্যায়ে আন্ত:মন্ত্রণালয় ভার্চুয়াল সভায় ভার্চুয়ালী উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি জানান আজকের সভায় সভাপতিত্ব করছেন মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, জনাব আ. ক. ম মোজাম্মেল হক, এমপি। সচিব মহোদয় বক্তব্যের শুরুতে মহান মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। তিনি জানান মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহিদের বিনিময়ে আমরা স্বাধীন সার্বভৌম বাংলাদেশ পেয়েছি। ২ লক্ষের অধিক মা বোনের পরম ত্যাগের বিনিময়ে বাংলাদেশের মানচিত্র পৃথিবীর বুকে উজ্জীবিত হয়েছে, তাদের সকলকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। ইতোপূর্বে আমরা মহান বিজয় দিবস সংক্রান্ত যে আন্ত:মন্ত্রণালয় সভায় মিলিত হয়েছিলাম সেখানে মন্ত্রী মহোদয়ের সাথে আলোচনাপূর্বক একটি বিস্তারিত কর্মসূচি প্রণয়ন করা হয়েছিল। মাননীয় প্রধানমন্ত্রীর নিকট কর্মসূচি উপস্থাপন করা হলে তিনি করোনা ভাইরাসজনিত ঝুঁকি থাকায় বড় ধরনের জনসমাগম হওয়ার কারণে জাতীয় কুঁচকাওয়াজ অনুষ্ঠানটি এ বছরে রাখা সম্ভব নয় মর্মে সদয় হয়ে অনুশাসন প্রদান করেছেন। অন্যান্য কর্মসূচিগুলোও সীমিত আকারে করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা দিয়েছেন। এজন্য মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা আনুযায়ী সবার সঙ্গে আলোচনা করে সীমিত আকারে একটি কর্মসূচি প্রণয়ন করার লক্ষ্যে অদ্যকার সভায় আলোচনা ও পর্যালোচনাপূর্বক সীমিত আকারে কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে এ সভা আহবান করা হয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, এ বিষয়ে অদ্যকার সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের ব্যাপারে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনক্রমে সকলের নিকট প্রেরণ করা হবে এবং সে অনুযায়ী আগামী ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবসের কর্মসূচি পালিত হবে। এ পর্যায়ে তিনি যুগ্মসচিব (প্রশাসন), জনাব দেওয়ান মোঃ আব্দুস সামাদকে মহান বিজয় দিবসের প্রস্তাবিত কর্মসূচি Power Point এ উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সে পরিপ্রেক্ষিতে যুগ্মসচিব (প্রশাসন), জনাব দেওয়ান মোঃ আব্দুস সামাদ সভায় প্রস্তাবিত কর্মসূচি Power Point এ উপস্থাপন করেন।

২.০ সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনা ও মতামতের ভিত্তিতে মহান বিজয় দিবস ২০২০ উদযাপনের লক্ষ্যে নিম্নরূপ জাতীয় কর্মসূচি সর্বসম্মতিক্রমে চূড়ান্ত করা হয়ঃ

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১। | ১৬-১২-২০২০ | মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ। | মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব, তথ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। |
| ২। | ১৬-১২-২০২০ | মহান বিজয় দিবস উদযাপনের জন্য সাধারণ ছুটি ঘোষণা। | জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| ৩। | ১৬-১২-২০২০ (সূর্যোদয়ের সাথে সাথে)<br><br>১৫-১২-২০২০ এবং ১৬-১২-২০২০ | ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন।<br>খ) ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বাংলাদেশের বৃহদাকারের পতাকা উত্তোলন।<br><br>গ) গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা। | ক) মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/কর্তৃপক্ষ এবং বেসরকারি প্রতিষ্ঠান/ভবনসমূহের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ ভবনের মালিক।<br>বিঃদ্রঃ তথ্য মন্ত্রণালয় হতে বিষয়সমূহ (বিটিভি, বাংলাদেশ বেতার ও বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে জনসাধারণের জ্ঞাতার্থে প্রচারের ব্যবস্থা করবে)।<br>খ) বিদ্যুৎ বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, পৌরসভা, বেসরকারি ভবনের মালিক/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।<br>গ) মেয়র, উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন। |

অপর পৃষ্ঠা-০২ দ্রষ্টব্য



| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৪। | ১৬-১২-২০২০ (সূর্যোদয়ের সাথে সাথে) | ক) ঢাকায় একত্রিশবার তোপধ্বনি।<br>খ) দেশের সকল জেলা ও উপজেলায় একত্রিশবার তোপধ্বনি। | ক) প্রতিরক্ষা মন্ত্রণালয়/সশস্ত্র বাহিনী বিভাগ।<br>খ) জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাংলাদেশ পুলিশ। |
| ৫। | ১৬-১২-২০২০ সূর্যোদয়ের সাথে সাথে | সাভারে জাতীয় স্মৃতিসৌধে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক পুষ্পস্তবক অর্পণ। | রাষ্ট্রপতির কার্যালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, তথ্য মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, বিভাগীয় কমিশনার ঢাকা, জেলা প্রশাসক, ঢাকা। |
| ৬। | ১৬-১২-২০২০ সূর্যোদয়ের সাথে সাথে | সাভারে জাতীয় স্মৃতিসৌধে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ। | প্রধানমন্ত্রীর কার্যালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, তথ্য মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর, বিভাগীয় কমিশনার, ঢাকা, জেলা প্রশাসক, ঢাকা। |
| ৭। | ১৬-১২-২০২০ | সাভার জাতীয় স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে উপস্থিত বীরশ্রেষ্ঠ পরিবারের সদস্যবৃন্দ, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং বীরমুক্তিযোদ্ধাগণ কর্তৃক **স্বাস্থ্যবিধি মেনে সীমিত আকারে** পুষ্পস্তবক অর্পণ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, তথ্য মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, প্রশাসক, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল। |
| ০৮। | ১৬-১২-২০২০ থেকে ৩১-১২-২০২০ | ক) ভার্চুয়ালি (অনলাইন) 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন' শীর্ষক আলোচনা।<br>খ) জাতীয় পর্যায়ে অনলাইন/ই-মেইল/ডাক যোগে রচনা প্রতিযোগিতার আয়োজনসহ অনলাইন সুবিধা সম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভার্চুয়ালি (অনলাইন) মুক্তিযুদ্ধ বিষয়ক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন। | ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুক্তিযুদ্ধ জাদুঘর, বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।<br>খ) মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ বিশ্বদ্যালয় মঞ্জুরি কমিশন। |
| ০৯। | ০১-১২-২০২০ থেকে ৩১-১২-২০২০ | বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে মহান বিজয় দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাস ভিত্তিক অনুষ্ঠানমালা প্রচার। | তথ্য মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, বিটিভি, বাংলাদেশ বেতার, বেসরকারি বেতার/টিভি চ্যানেল, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর। |
| ১০। | ১৬-১২-২০২০ | সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ ও ক্রোড়পত্র প্রকাশ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়। |
| ১১। | ১৬-১২-২০২০ | শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে **স্বাস্থ্যবিধি মেনে সীমিত আকারে** বিশেষ মোনাজাত/প্রার্থনা। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, খ্রিষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ১২। | ১৬-১২-২০২০ | দেশের সকল হাসপাতাল, জেলখানা, বৃদ্ধাশ্রম, এতিমখানা, ডে কেয়ার ও শিশু বিকাশ কেন্দ্র এবং শিশু পরিবার ও ভবঘুরে প্রতিষ্ঠানসমূহে উন্নতমানের খাবার সরবরাহ। | স্বাস্থ্য সেবা বিভাগ, সমাজকল্যাণ মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষাসেবা বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |

অপর পৃষ্ঠা-০৩ দ্রষ্টব্য

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১৩। | ১৬-১২-২০২০ | ক) বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহ ও মিশনে বিজয় দিবসের প্রেক্ষাপটে ভার্চুয়ালি (অনলাইন) মুক্তিযুদ্ধের ইতিহাস ভিত্তিক আলোচনা অনুষ্ঠানের আয়োজন।<br>খ) বিদেশের বিভিন্ন দৈনিক পত্রিকায় মহান বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ। | পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস ও মিশন প্রধান (সকল)। |
| ১৪। | ১৬-১২-২০২০ | ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপ এবং বিভিন্ন স্থাপনাসমূহে জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয়, নৌপরিবহন মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সেতু বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, সকল সিটি কর্পোরেশন, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), সংশ্লিষ্ট পৌরসভা/ ইউনিয়ন পরিষদ। |
| ১৫। | ১৬-১২-২০২০ | বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক নির্ধারিত সময়ে অনলাইন/ই-মেইল/ডাক যোগে শিশুদের মুক্তিযুদ্ধ ভিত্তিক চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ শিশু একাডেমি, বঙ্গবন্ধু জাদুঘর, মুক্তিযুদ্ধ জাদুঘর, জেলা প্রশাসক (সকল), জেলা পরিষদ (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ১৬। | ১৬-১২-২০২০ | সোহরাওয়ার্দী উদ্যানের স্বাধীনতাস্তম্ভ/ভূ-গর্ভস্থ জাদুঘরে মুক্তিযুদ্ধের ইতিহাস ও ঐতিহ্য ভিত্তিক পোস্টার প্রদর্শনীর আয়োজন।<br>**স্বাস্থ্যবিধি মেনে স্বল্প সংখ্যক দর্শণার্থীকে প্রবেশের সুযোগ করে দেয়ার ব্যবস্থাপনার মাধ্যমে প্রদর্শনী।** | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। |
| ১৭। | ১৬-১২-২০২০ | স্মারক ডাকটিকিট অবমুক্তকরণ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ ডাক অধিদপ্তর। |

৪.০১ উল্লিখিত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সমন্বয়কের ভূমিকা পালন করবে।

৪.০২ আগামি ১৬ ডিসেম্বর ২০২০ মহান বিজয় দিবসের জাতীয় কর্মসূচি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ২টি কমিটি এবং ৩টি উপকমিটি গঠনের প্রস্তাব করা হয়ঃ-

অপর পৃষ্ঠা-০৪ দ্রষ্টব্য

## (ক) মহান বিজয় দিবস ২০২০ উদযাপন উপলক্ষ্যে স্টিয়ারিং কমিটিঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | আহবায়ক |
| ২। | সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | - | সদস্য |
| ৩। | সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | - | সদস্য |
| ৪। | সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | - | সদস্য |
| ৫। | সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ | - | সদস্য |
| ৬। | সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য |
| ৭। | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| ৮। | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | - | সদস্য |
| ৯। | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ১০। | সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | - | সদস্য |
| ১১। | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - | সদস্য |
| ১২। | সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | - | সদস্য |
| ১৩। | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য |
| ১৪। | সচিব, বিদ্যুৎ বিভাগ | - | সদস্য |
| ১৫। | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | - | সদস্য |
| ১৬। | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | - | সদস্য |
| ১৭। | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ১৮। | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | - | সদস্য |
| ১৯। | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য |
| ২০। | সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় | - | সদস্য |
| ২১। | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ২২। | সচিব, তথ্য মন্ত্রণালয় | - | সদস্য |
| ২৩। | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | - | সদস্য |
| ২৪। | মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর | - | সদস্য |
| ২৫। | মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর | - | সদস্য |
| ২৬। | মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ | - | সদস্য |
| ২৭। | মহাপরিচালক, আনসার ও ভিডিপি | - | সদস্য |
| ২৮। | মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড | - | সদস্য |
| ২৯। | বিভাগীয় কমিশনার, ঢাকা | - | সদস্য |
| ৩০। | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | - | সদস্য |
| ৩১। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর | - | সদস্য |
| ৩২। | প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | - | সদস্য |
| ৩৩। | প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর | - | সদস্য |
| ৩৪। | মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল | - | সদস্য |
| ৩৫। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট | - | সদস্য |
| ৩৬। | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | - | সদস্য |
| ৩৭। | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | - | সদস্য |
| ৩৮। | রাষ্ট্রপতির কার্যালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিম্নে নহে) | - | সদস্য |
| ৩৯। | প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিম্নে নহে) | - | সদস্য |
| ৪০। | মন্ত্রিপরিষদ বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিম্নে নহে) | - | সদস্য |
| ৪১। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিম্নে নহে) | - | সদস্য |
| ৪২। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিম্নে নহে) | - | সদস্য |
| ৪৩। | অর্থ বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিম্নে নহে) | - | সদস্য |
| ৪৪। | সশস্ত্র বাহিনী বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪৫। | মহাপুলিশ পরিদর্শকের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪৬। | সেনা, নৌ ও বিমান বাহিনীর একজন করে উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |

অপর পৃষ্ঠা-০৫ দ্রষ্টব্য

৩.২৩ সকল সরকারি আধাসরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনসহ ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা যথাযথ ভাবে উত্তোলন করতে হবে। পতাকা বিধি অনুযায়ী জাতীয় পতাকার মাপ, রং এবং ব্যবহার সংক্রান্ত বিষয়ে পত্র-পত্রিকায় এবং বেতার-টেলিভিশনের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নেঃ মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল)।**

৩.২৪ গুরুত্বপূর্ণ সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে দৃষ্টিনন্দন আলোকসজ্জার ব্যবস্থা করতে হবে।

**বাস্তবায়নেঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, জননিরাপত্তা বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/কর্তৃপক্ষ ও বেসরকারি ভবনের মালিকগণ।**

৩.২৫ ঢাকায় এবং দেশের সকল জেলা ও উপজেলায় প্রত্যুষে সূর্যোদয়ের সাথে সাথে ৩১ (একত্রিশ) বার তোপধ্বনির ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও দিবসের তাৎপর্যের সাথে সামঞ্জস্য রেখে যথাসময়ে তোপধ্বনি কর্মসূচি বাস্তবায়নে বাংলাদেশ পুলিশ জেলা ও উপজেলা প্রশাসনকেও সহায়তা প্রদান করবে। সভাপতি মহোদয় বলেন, মহান বিজয় দিবসের প্রত্যুষে সূর্যোদয়ের সাথে সাথে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী জাতির পক্ষে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করবেন। উক্ত সময়ের পূর্বে দেশের অন্য কোন স্থানে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান অথবা তোপধ্বনির কার্যক্রম গ্রহণ করা সমীচীন হবে না। সভায় এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে একটি নির্দেশনা প্রদানের অনুরোধ জানানো হয়।

**বাস্তবায়নেঃ মন্ত্রিপরিষদ বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষাসেবা বিভাগ, বাংলাদেশ পুলিশ, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।**

৩.২৬ জাতীয় স্মৃতিসৌধের সম্মুখের সীমানা প্রাচীরের সাথে অবস্থিত দোকানপাট এবং বাসস্ট্যান্ড দ্রুত অপসারণ করতে হবে। লেকের পানি নিয়মিত পরিষ্কার করা এবং প্রয়োজনীয় মেরামত ও সংস্কারসহ পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ চলমান রেখে নির্ধারিত সময়ের পূর্বেই সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। ঢাকা-সাভার স্মৃতিসৌধের রাস্তা সংস্কার, মেরামত, রং করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঢাকা হতে সাভার স্মৃতিসৌধ পর্যন্ত রাস্তার পাশে পোস্টার, ফেস্টুন, ব্যানার ও ওভারহেডে তোরণ নির্মাণ করা যাবে না।

**বাস্তবায়নেঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, ঢাকা, জেলা প্রশাসক, ঢাকা ও উপজেলা নির্বাহী অফিসার, সাভার, মেয়র, সাভার পৌরসভা;**

৩.২৭ সাভার জাতীয় স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে উপস্থিত বীরশ্রেষ্ঠ পরিবারের সদস্যবৃন্দ, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং বীরমুক্তিযোদ্ধাগণ কর্তৃক **স্বাস্থ্য বিধি মেনে সীমিত আকারে** পুষ্পস্তবক অর্পণ করা হবে।

**বাস্তবায়নেঃ সশস্ত্র বাহিনী বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা ও সেবা বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, প্রশাসক, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল।**

৩.২৮ ভার্চুয়ালি (অনলাইন) 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন' শীর্ষক আলোচনা ও সিম্পোজিয়াম এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও জাতীয় পর্যায়ে অনলাইন/ই-মেইল/ডাক যোগে রচনা প্রতিযোগিতার আয়োজনসহ অনলাইন সুবিধা সম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভার্চুয়ালি (অনলাইন) মুক্তিযুদ্ধ বিষয়ক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

**বাস্তবায়নেঃ মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুক্তিযুদ্ধ জাদুঘর, বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।**

৩.২৯ বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে মহান বিজয় দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাস ভিত্তিক অনুষ্ঠানমালা ধারাবাহিকভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

**বাস্তবায়নেঃ তথ্য মন্ত্রণালয়।**

অপর পৃষ্ঠা-১৪ দ্রষ্টব্য